# প্রশ্নোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ মুযদালিফায় রাত্রি যাপন

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৩০- ‘‘মাশআরুল হারাম’’ কী? এটা কোথায়? এখানে হাজীদের কী কী কাজ সুন্নাত?

‘‘মাশআরুল হারাম’’ একটি পাহাড়ের নাম। এটি মুযদালিফায় অবস্থিত। এখানে একটি মসজিদও আছে। এখানে হাজীদের যা করণীয় তা হলঃ

(১) মাশআরুল হারামের নিকট কিবলামুখী হয়ে দাঁড়ানো,

(২) তাকবীর বলা,

(৩) তাসবীহ-তাহলীল পড়া অর্থাৎ ‘সুবহানাল্লাহ’, ‘আলহাম্দু লিল্লাহ’ এবং ‘লা ইলাহা ইল্লাল্লাহু’ পড়া।

(৪) যিকর করা এবং

(৫) প্রাণ খুলে আল্লাহ তা‘আলার কাছে দোয়া করা,

(৬) খুশু-খুযু ও বিনম্র হয়ে মাবুদের কাছে আপনার যা চাওয়ার আছে তা চেয়ে নেবেন। বিশেষ করে আপনার মাতা-পিতা, স্ত্রী, পুত্র-সন্তানাদি ও আপনজন-আত্মীয়স্বজনের জন্যও দোয়া করবেন।

(৭) দোয়ার সময় দু’ হাত উঠিয়ে মুনাজাত করা মুস্তাহাব।

এভাবে ফজরের নামাযের পর থেকে আকাশ ফর্সা হওয়া পর্যন্ত দোয়া করতে থাকা মুস্তাহাব। ভীড়ের কারণে ‘‘মাশআরুল হারাম’’-এর কাছে যেতে না পারলে মুযদালিফার যে কোন স্থানে দাঁড়িয়ে এভাবে দোয়া করবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1772

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন